

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের সঙ্গে সচিবালয়ে কাল বৈঠক

জবি প্রতিনিধি

১১ নভেম্বর,
২০২৪ ১৮:০২

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কঞ্চি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস নির্মাণের কাজ সেনাবাহিনীকে হস্তান্তরসহ পাঁচ দফা দাবি নিয়ে আগামীকাল মঙ্গলবার সচিবালয়ে বৈঠক হবে। সেখানেই তাদের দাবি নিয়ে সিদ্ধান্ত আসবে।

সোমবার (১১ নভেম্বর) বিকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারী শিক্ষার্থীর ১২ প্রতিনিধির সাথে বৈঠকে এ সিদ্ধান্ত হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক ড.রহিত উদ্দীন, বেলাল আহমেদ, নাসির আহমেদ উপস্থিত ছিলেন।

সচিবালয়ে বৈঠকের শেষে আন্দোলনের মুখ্যপ্রাণ তৌসিব মাহবুব সোহান বলেন, আগামীকাল দুপুর ১২ টায় উপাচার্য ও প্রজেক্ট ডি঱েক্টর দ্বিতীয় ক্যাম্পাসের সকল কাগজপত্র নিয়ে আসবে। শিক্ষার্থীদের পক্ষ থেকে দুইজন প্রতিনিধিও উপস্থিত থাকবে। সেখানে সিদ্ধান্ত হবে কীভাবে সেনাবাহিনীকে কাজ দেওয়া যায়।

শিক্ষার্থীদের দাবিগুলো হলো—

স্বৈরাচার আমলে নিয়োগপ্রাপ্ত প্রজেক্ট ডি঱েক্টরকে আইনের আওতায় আনতে হবে এবং সাত দিনের মধ্যে সেনাবাহিনীর দক্ষ অফিসারদের হাতে এই দায়িত্ব অর্পণ করতে হবে; শিক্ষা মন্ত্রণালয় থেকে সুনির্দিষ্ট রূপরেখা সহ ঘোষণা করতে হবে যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীর কাছে হস্তান্তর হয়েছে; অবিলম্বে বাকি ১১ একর জমি অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পুরাতন ক্যাম্পাস নিয়ে স্বৈরাচার সরকারের আমলের সকল ছুক্তি বাতিল করতে হবে; সম্প্রতি ইউজিসির ঘোষণাকৃত পাইলট প্রকল্পে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে অন্তর্ভুক্ত করতে হবে; বিশ্ববিদ্যালয়ের বাণসরিক বাজেট সর্বনিম্ন ৫০০ (পাঁচশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করতে হবে।

